# ১৫ আগস্ট আলাস্কায় পুতিন-ট্রাম্প বৈঠক, ইউক্রেন যুদ্ধে শান্তি আলোচনার প্রস্তুতি



সংগৃহীত ছবি

ইউক্রেন যুদ্ধ বন্ধে আলোচনার জন্য আগামী ১৫ আগস্ট আলাস্কায় মুখোমুখি হবেন রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন ও মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। বৈঠকে দীর্ঘমেয়াদী শান্তির বিভিন্ন বিকল্প নিয়ে আলোচনা হবে।

LENS ASIA

রয়টার্সের খবরে জানা গেছে, ইউক্রেন যুদ্ধ বন্ধে গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে আগামী ১৫ আগস্ট আলাস্কায় বৈঠকে বসছেন রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন ও মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। গতকাল শুক্রবার ওভাল অফিসে আর্মেনিয়া-আজারবাইজান চুক্তির পর আয়োজিত সংবাদ সম্মেলনে ট্রাম্প জানান, রাশিয়া ও ইউক্রেন যুদ্ধবিরতির খুব কাছাকাছি রয়েছে। পরে ট্রুথ সোশ্যালে পোস্ট দিয়ে পুতিনের সঙ্গে বৈঠকের বিষয়টি নিশ্চিত করেন তিনি।

পুতিনের সহকারী ইউরি উশাকভ বলেন, দুই নেতা ইউক্রেন সংকটের দীর্ঘমেয়াদী শান্তিপূর্ণ সমাধানের জন্য বিভিন্ন বিকল্প নিয়ে আলোচনা করবেন।

অন্যদিকে, ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি শুক্রবার সন্ধ্যায় জাতির উদ্দেশে ভাষণে জানান, রাশিয়ার ওপর যথাযথ চাপ প্রয়োগ করা গেলে যুদ্ধবিরতি সম্ভব। তিনি উল্লেখ করেন, এরই মধ্যে বিভিন্ন দেশের নেতাদের সঙ্গে ডজনখানেকের বেশি বৈঠক হয়েছে এবং যুক্তরাষ্ট্রের সঙ্গে নিয়মিত যোগাযোগ বজায় রয়েছে।

উল্লেখযোগ্যভাবে, জানুয়ারিতে দ্বিতীয় মেয়াদে প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব নেওয়ার পর থেকে ট্রাম্প মস্কো-কিয়েভ সংঘাতের অবসানে কূটনৈতিক উদ্যোগ চালিয়ে যাচ্ছেন। রাশিয়ার ওপর নতুন নিষেধাজ্ঞার হুমকি দিয়েছেন তিনি। গত বুধবার মস্কোয় পুতিনের সঙ্গে বৈঠক করেন বিশেষ মার্কিন প্রতিনিধি স্টিভ উইটকফ, যা উভয় পক্ষই ফলপ্রসূ বলে আখ্যা দিয়েছে।